



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে একাডেমিক কার্যক্রম শেষ হওয়া কোন শিক্ষার্থী,
অনাবাসিক শিক্ষার্থী অথবা বহিরাগত কোন ব্যক্তির অবস্থান নিষিদ্ধ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৭ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে একাডেমিক কার্যক্রম শেষ হওয়া শিক্ষার্থী, অনাবাসিক শিক্ষার্থী অথবা বহিরাগত কোন ব্যক্তি অবস্থান করতে পারবে না মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দুপুর ১:৩০ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির ২৯তম সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপাচার্য মহোদয় উপস্থিত সকল হল প্রভোস্টদের এ বিষয়ে সর্বাত্মক সতর্কতা মেনে চলার নির্দেশনা প্রদান করেন এবং আবাসিক হলগুলোতে এ ধরনের কোন শিক্ষার্থী বা বহিরাগত কোন ব্যক্তি অবস্থান করলে তাদের বিরুদ্ধে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। উপাচার্য মহোদয় বলেন, এখন থেকে কোন অবস্থাতেই বরিশাল বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে একাডেমিক কার্যক্রম শেষ হওয়া কোন শিক্ষার্থী, অনাবাসিক শিক্ষার্থী অথবা বহিরাগত কোন ব্যক্তি অবস্থান করতে পারবে না। এবিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসন জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-০২-০৫

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়